সংবাদ

তারিখ 01 NOV 2016
পৃষ্ঠা 2 কলাম 6

বিসিএস ক্যাডার

# ৩৪২ সহকারী অধ্যাপকের পদোন্নতি

নিজস্ব বার্তা পরিবেশক

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ৩৪২ জন সহকারী অধ্যাপককে পদোন্নতি দিয়ে সহযোগী অধ্যাপক করেছে সরকার। ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে প্রদোন্নতি পাওয়া এসব কর্মকর্তাদের নতুন কর্মস্থলে পদায়ন করা হয়েছে। গতকাল এ সংক্রান্ত আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়।

এসব কর্মকর্তার মধ্যে অর্থনীতি বিভাগের ২৫ জন, আরবির একজন, ইসলামী শিক্ষায় ছয়জন, ইসলামের ইতহাস ও সংস্কৃতির ২২ জন, ইংরেজির ২৩ জন, ইতিহাসের ১০ জন, উদ্ভিদবিদ্যার ১৮ জন, গার্হস্থ্য অর্থনীতির একজন এবং গণিত বিভাগের ১১ জন সহকারী অধ্যাপক পদোন্নতি পেয়েছেন। দর্শন বিভাগের ২৬ জন, পদার্থবিদ্যার ২২ জন, পরিসংখ্যানের তিনজন, প্রাণিবিদ্যার ১৯ জন, বাংলার ৩৮ জন, ব্যবস্থাপনার ১৯ জন, ভূগোলের একজন, মার্কেটিংয়ের একজন, মনোবিজ্ঞানের তিনজন, রসায়নের ১৫ জন, রাষ্ট্রবিজ্ঞানের ১৮ জন, সমাজ কল্যাণের ১১ জন, সমাজ বিজ্ঞানের চারজন, সংস্কৃতির দুজন এবং হিসাব বিজ্ঞান বিভাগের দুই কর্মকর্তাকে সহযোগী অধ্যাপক করা হয়েছে।

এছাড়া টিচার্স ট্রেনিং কলেজের ইসলামী আদর্শ, ইংরেজি ও ইতিহাসের দুই জন করে, গণিত, গ্রন্থাগার বিজ্ঞান, প্রফেশনাল ইথিক্স, বাংলা, ভূগোল ও মেন্টাল হাইজিনের এক জন করে, বিজ্ঞানের তিনজন এবং শিক্ষার পাঁচজন সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি পেয়েছেন।